

খুলনা বিশ্ববিদ্যালয়
ইংরেজি ডি.সি.পি.ন
এম এ ইন ইংলিশ এবং থিসিসসহ এম এ ইন ইংলিশ প্রোগ্রাম (শিক্ষাবর্ষ ২০১৯-২০২০)
ভর্তি সংক্রান্ত তথ্যাবলী

- ১। প্রোগ্রামের মেয়াদ : ক) এম এ ইন ইংলিশ ২ (দুই) টার্ম খ) এম এ ইন ইংলিশ থিসিসসহ ৩ (তিন) টার্ম।
- ২। আসন সংখ্যা : সাধারণ আসন সংখ্যা ৫০(পঞ্চাশ) টি। এছাড়া, মুক্তিযোদ্ধার সন্তান ও উপজাতি কোটায় আরও ১টি করে মোট ২টি আসন সংরক্ষিত থাকবে। ইংরেজি ডি.সি.পি.ন, খুলনা বিশ্ববিদ্যালয় থেকে উত্তীর্ণ প্রার্থীদের জন্য সাধারণ আসনের ৮০% এবং অবশিষ্ট ২০% আসন অন্য শিক্ষাপ্রতিষ্ঠান থেকে আগত শিক্ষার্থীদের জন্য বরাদ্দ থাকবে। তবে শর্ত থাকে যে, এই ২০% আসনে যদি যোগ্য প্রার্থী না পাওয়া যায় তাহলে খুলনা বিশ্ববিদ্যালয়ের যোগ্য প্রার্থীদের দ্বারা উক্ত আসনসমূহ পূর্ণ করা হবে। খুলনা বিশ্ববিদ্যালয় থেকে উত্তীর্ণ প্রার্থীদেরকে মৌখিক পরীক্ষার মাধ্যমে এবং অন্য শিক্ষা প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ প্রার্থীদেরকে লিখিত পরীক্ষার মাধ্যমে ভর্তির জন্য নির্বাচন করা হবে।
- ৩। আবেদন করার জন্য যোগ্য প্রার্থী : ২০১৬ এবং তৎপরবর্তী বছরসমূহে ইংরেজি-তে চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ/ অবতীর্ণ প্রার্থীরা আবেদন করতে পারবেন। স্নাতক (সম্মান) পরীক্ষায় অবতীর্ণ প্রার্থীদেরকে অবশ্যই ভর্তির সময়ে পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার প্রমাণপত্র ডি.সি.পি.নে জমা দিতে হবে।
- ৪। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা : খুলনা বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য সি জি পি এ ন্যূনতম ২.২৫/ ন্যূনতম ৪৫% মার্কস। স্বীকৃত অন্যান্য প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের জন্য ন্যূনতম সি জি পি এ ৩.৫। প্রার্থীর পছন্দ, স্নাতক (সম্মান) পরীক্ষার ফলাফল এবং মাস্টার্স ভর্তি পরীক্ষার ফলাফল বিবেচনা করে থিসিস গ্রুপ এ ভর্তি করা হবে।
- ৫। আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে:
 - ক) সকল পরীক্ষার সত্যায়িত মার্কশীট ও সনদপত্রের কপি
 - খ) পাসপোর্ট সাইজের ২ (কপি) ছবি
- ৬। চাকুরিরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে অধ্যয়নকালের জন্য পূর্ণ ছুটির নিশ্চয়তার সার্টিফিকেট ভর্তির সময় দাখিল করতে হবে। তবে বিশেষ ক্ষেত্রে উক্ত সার্টিফিকেট ক্লাশ শুরু তারিখ হতে পরবর্তী ৪ সপ্তাহের মধ্যে দাখিল করা যাবে। অন্যথায় ভর্তি বাতিল হয়ে যাবে।
- ৭। খুলনা বিশ্ববিদ্যালয় ওয়েবসাইট (www.ku.ac.bd) থেকে আবেদনপত্র ও ভর্তি সংক্রান্ত তথ্যাবলী সংগ্রহ করতে হবে। প্রার্থীকে ডি.সি.পি.ন কার্যালয়ে আবেদনপত্রের মূল্য বাবদ =২৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (সভাপতি, এমএ ভর্তি কমিটি -এর নামে অগ্রণী ব্যাংক খুলনা বিশ্ববিদ্যালয় শাখায় প্রদেয়) প্রদান করতে হবে।

৮। ভর্তি পরীক্ষা ইংরেজি ভাষা ও সাহিত্য বিষয়ের উপরে অনুষ্ঠিত হবে।


৯। ভর্তি সংক্রান্ত তারিখসমূহঃ

- | | |
|---|--|
| ক) ভর্তি ফরম জমা দেয়ার তারিখ | : ০২/০১/২০১৯ খ্রি. থেকে ১৫/০১/২০১৯-খ্রি. পর্যন্ত |
| সাপ্তাহিক ও সরকারী ছুটির দিন ব্যতীত | (সকাল ১০ঃ০০টা থেকে বিকাল ৪ঃ০০টা পর্যন্ত) |
| খ) যোগ্য প্রার্থীর তালিকা প্রকাশ | : ১৬/০১/২০১৯ খ্রি. |
| গ) ভর্তি পরীক্ষার তারিখ ও সময় | : ১৯/০১/২০১৯ খ্রি. লিখিত : পরীক্ষা সকাল ১১ঃ৩০টা থেকে ১২ঃ৩০ পর্যন্ত
মৌখিকঃ পরীক্ষা দুপুর ১২ঃ০০টা থেকে শুরু |
| ঘ) উত্তীর্ণ প্রার্থীদের তালিকা প্রদান | : ২০/০১/২০১৯ খ্রি. |
| ঙ) সাধারণ আসন থেকে ভর্তি | : ২১/০১/২০১৯ খ্রি. সকাল ৯ঃ৩০টা থেকে ১২ঃ০০টা পর্যন্ত |
| চ) অপেক্ষমান তালিকায় ভর্তির জন্য প্রার্থীদের নিবন্ধন | : ২১/০১/২০১৯ খ্রি. সকাল ৯ঃ৩০টা থেকে ১১ঃ০০টা পর্যন্ত |
| ছ) অপেক্ষমান তালিকায় নির্বাচিত প্রার্থীদের ভর্তি | : ২১/০১/২০১৯ খ্রি. দুপুর ১২ঃ০০টা থেকে দুপুর ২ঃ০০টা পর্যন্ত |
| জ) কোটা তালিকায় নির্বাচিত প্রার্থীদের নিবন্ধন | : ২১/০১/২০১৯ খ্রি. সকাল ৯ঃ৩০টা থেকে ১১ঃ০০টা পর্যন্ত |
| ঝ) কোটা তালিকায় নির্বাচিত প্রার্থীদের ভর্তি | : ২১/০১/২০১৯ খ্রি. দুপুর ১২ঃ০০টা থেকে দুপুর ২ঃ০০টা পর্যন্ত |
| ঞ) কোর্স রেজিস্ট্রেশন (জরিমানা ব্যতীত) | : ২৩/০১/২০১৯ খ্রি. থেকে ২৮/০১/২০১৯ খ্রি. পর্যন্ত |
| (জরিমানা সহ) | : ২৯/০১/২০১৯ খ্রি. থেকে ৩১/০১/২০১৯ খ্রি. পর্যন্ত |
| ট) ক্লাশ শুরু | : ২৭/০১/২০১৯ খ্রি. |

১০। ভর্তি বিষয়ক যে কোনো নিয়ম-কানুন পরিবর্তন, পরিবর্ধন ও সংযোজনের ক্ষমতা খুলনা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

বিঃ দ্রঃ ১। কোটা তালিকায় নির্ধারিত প্রার্থীদের ভর্তি খুলনা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক সনদপত্রের সত্যায়ন প্রাপ্তি সাপেক্ষে চূড়ান্ত হবে।

২। ইউজিসি কর্তৃক যে সকল বিশ্ববিদ্যালয়ের সনদ অবৈধ ঘোষিত হয়েছে সে সকল প্রতিষ্ঠানের সনদধারীদের ভর্তির আবেদন গৃহীত হবে না।


(প্রফেসর ড. আহমেদ আহসানুল কবির)

প্রধান, ইংরেজি ডি.সি.পি.ন

ও

সভাপতি

এম এ ইন ইংলিশ ভর্তি কমিটি (শিক্ষাবর্ষ ২০১৯-২০২০)

খুলনা বিশ্ববিদ্যালয়, খুলনা- ৯২০৮